

দলিল (F.H.TD) পাইবার আবেদন সংক্রান্ত নিয়মাবলী :-

১. আবেদনকারীকে/আবেদনকারীগনকে ইং ২৫.০৩.১৯৭১ তারিখে অথবা তাহার পূর্বে পূর্ব পাকিস্তান (অধুনা বাংলাদেশ) হইতে আগত উদ্বাস্তু/উদ্বাস্তু পরিবারের উত্তরাধিকারী হইতে হইবে।
২. সরকার অনুমোদিত (জি.এস/জবরদখল) উদ্বাস্তু কলোনীতে আবেদনকৃত বসবাসের জমি/ বসবাস ও চাষের জমি আবেদনকারীর/আবেদনকারীগনের ভোগ-দখল অধীন রাখিয়া বসবাস ও চাষবাস করিতে হইবে।
৩. উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন দপ্তর নির্ধারিত বয়ানে আবেদন পত্র যথাযথভাবে পূরণ করিয়া দপ্তরে জমা দিতে হইবে।
৪. উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন দপ্তর নির্ধারিত বয়ানে সাংসদ/বিধায়ক/সংশ্লিষ্ট পৌরসভার কাউন্সিলার/ কমিশনার/পঞ্চায়েত সমিতির সভাপতি/প্রজ্ঞাপিত অঞ্চল (নটিফায়েড) এর চেয়ারম্যান অথবা ভাইস চেয়ারম্যান দ্বারা পূরণ করা ও স্বাক্ষরিত উদ্বাস্তু প্রমাণ পত্র দাখিল করিতে হইবে।
৫. Special Executive Magistrate হিসাবে ন্যস্ত ক্ষমতাপ্রাপ্ত উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন দপ্তরের আধিকারিক অথবা 1st Class Judicial Magistrate এর সম্মুখে উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন দপ্তর নির্ধারিত বয়ানে প্রদত্ত হলফনামা দলিল Execution এর সময় দপ্তরে জমা দিতে হইবে।
৬. পরিচয় প্রমাণ হিসাবে সচিত্র ভোটার পরিচয় পত্র/ড্রাইভিং লাইসেন্স/রাষ্ট্রায়ত্ত ব্যাক্সের সাম্প্রতিক চালু সচিত্র পাস বই/বৈধ পাসপোর্ট/সরকারি কর্মচারীর সচিত্র পরিচয় পত্রের photo copy আবেদন পত্রের সঙ্গে দিতে হইবে।
৭. স্থায়ী বসবাসের প্রমাণ হিসাবে সচিত্র ভোটার পরিচয় পত্র/ড্রাইভিং লাইসেন্স/রাষ্ট্রায়ত্ত ব্যাক্সের সাম্প্রতিক চালু সচিত্র পাস বই/বৈধ পাসপোর্ট/রেশন কার্ড/সাম্প্রতিক দেওয়া বিদ্যুতের বিল/টেলিফোনের বিল/এল.পি.জি গ্যাস সংযোগের প্রমাণ পত্রের photo copy আবেদন পত্রের সঙ্গে দিতে হইবে।
৮. বন্টন (allotment) সূত্রে প্রাপ্য জমির ক্ষেত্রে বন্টন প্রাপ্তির প্রমাণ পত্র থাকিলে photo copy আবেদন পত্রের সঙ্গে দিতে হইবে এবং পরবর্তীকালে দলিল প্রাপ্তির সময় মূল বন্টন পত্র (allotment letter) জমা দিতে হইবে।
৯. লীজ দলিল প্রাপকদের ক্ষেত্রে প্রাপ্ত লীজ দলিলের photo copy আবেদন পত্রের সঙ্গে দিতে হইবে এবং পরবর্তীকালে দলিল প্রাপ্তির সময় মূল লীজ দলিল জমা দিতে হইবে।
১০. লীজ দলিল প্রাপক পরলোক গমন করিলে তাহার উত্তরাধিকারের শংসা পত্রের প্রত্যায়িত নকল আবেদন পত্রের সঙ্গে দিতে হইবে।
১১. আবেদন পত্রে উল্লিখিত সুপারিশকারী হিসাবে সাংসদ/বিধায়ক/সংশ্লিষ্ট জেলাপরিষদের সভাপতি/ জেলাপরিষদের সদস্য/পৌরসভার কাউন্সিলার/ কমিশনার/প্রজ্ঞাপিত অঞ্চল (নটিফায়েড) এর চেয়ারম্যান অথবা ভাইস চেয়ারম্যান/পঞ্চায়েত সমিতির সভাপতি/গ্রাম পঞ্চায়েত প্রধান বিবেচিত হবেন।
১২. অন্যান্য যাবতীয় বিস্তারিত তথ্যের জন্য জেলা উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন দপ্তর, কৃষ্ণনগর, নদীয়া-তে যোগাযোগ করিতে হইবে।